

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ফারজানা ইয়াছমিন লিটা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময় : ২৭/০৪/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ২৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন লিটা এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ

ক্রঃনং	বিষয়	আলোচনা
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।
০২	কমিউনিটি ক্লিনিকে এবং ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে।	কমিটির সদস্য সচিব উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ উত্তম কুমার সরকার বলেন, গত মার্চ/২০২২ ইং মাসে অত্র উপজেলায় ৬৩ টি কমিউনিটি ক্লিনিকে ৩৬৮৪৪ জনকে এবং ৯টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ৮৬৫৫ জনকে প্রাথমিক চিকিৎসা সেবা দেওয়া হয়। কমিউনিটি ক্লিনিকগুলিতে আগত রোগীদের বসার কোন ব্যবস্থা নাই। তাই উপজেলা পরিষদ হতে আগত রোগীদের বসার ব্যবস্থা করতে পারলে ভাল হতো। সেই প্রেক্ষিতে কমিটির সকল সদস্যবৃন্দ উপজেলা পরিষদ হতে কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের বসার জন্য টিনের সীড নির্মান করে বসার ব্যবস্থা করে দেওয়ার জন্য অনুরোধ করেন।
০৩	মাঠকর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন	বর্তমান ডিজিটাল বাংলাদেশে সকল কার্যক্রম অন-লাইন ভিত্তিক হচ্ছে। তাই মাঠকর্মীদের দক্ষতাবৃদ্ধির জন্য উপজেলা পরিষদ হতে অন-লাইন ভিত্তিক প্রশিক্ষনের ব্যবস্থা করা।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ফারজানা ইয়াছমিন)
ভাইস চেয়ারম্যান

ও
সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি
জামালপুর সদর, জামালপুর।

স্মারকনং- ৭৮৫/৫

তারিখঃ ২৫/০৪/২০২২খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ০৩। জনাব-----সদস্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি, জামালপুর সদর,
জামালপুর।
- ০৪। অফিস নথি।



(ডাঃ উত্তম কুমার সরকার)

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

জামালপুর সদর, জামালপুর।


২৭/৪/২০২২